আজকের কাগজ

তারিখ ... 15 NOV 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

৬২

47

### প্রধানমন্ত্রীর সঙ্গে রাবেতা মহাসচিবের সাক্ষাৎ

# দারুল ইহসান বিশ্ববিদ্যালয় প্রকল্পে সর্বাত্মক সাহায্যের আশ্বাস

সৌদি আরবভিত্তিক রাবেতা আলম আল ইসলামী কল্যাণমুখী কর্মসূচির মাধ্যমে জনগণের ভাগ্যোন্নয়নে বাংলাদেশকে আরো সাহায্যের ব্যাপারে আশ্বস্ত করেছে। খবর বাসস ও ইউএনবি'র।

সফররত রাবেতা মহাসচিব ডঃ আবদুল্লাহ ওমর নাসিফ গতকাল সকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎকালে জানান, তার প্রতিষ্ঠান বাংলাদেশের জন্যে কল্যাণমূলক তৎপরতা জোরদার করবে।

রাবেতার সহায়তায় দারুল ইহসান বিশ্ববিদ্যালয় প্রকল্প সম্পন্ন করার ব্যাপারে বাংলাদেশের পূর্ণ সমর্থন লাভের উদ্দেশ্যে ডঃ নাসিফ তিনদিনের সফরে গত বুধবার ঢাকা এসেছেন।

তিনি আশা প্রকাশ করেছেন, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় মুসলিম বিশ্বে একটি আদর্শ প্রতিষ্ঠান হিসেবে আবির্ভূত হবে এবং উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নেতৃত্ব দেবে।

প্রধানমন্ত্রী এই প্রতিষ্ঠানের ব্যাপারে তার সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সাহায্যের আশ্বাস দিয়েছেন।

বেগম জিয়া দারিদ্র্যের কারণে বাধাগ্রস্ত উন্নয়ন প্রচেষ্টাসহ তার সরকারের বিভিন্ন সমস্যার উল্লেখ করেন এবং সংখ্যাগরিষ্ঠ বঞ্চিত মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে রাবেতার মতো প্রতিষ্ঠানসহ মুসলিম দেশগুলোর সাহায্য কামনা করেন।

ডঃ নাসিফ জনগণের দারিদ্র্য দূর করার লক্ষ্যে কাজ করার জন্যে একটি সামাজিক বিনিয়োগ ব্যাংক স্থাপনে বাংলাদেশের সহযোগিতা আশা করেন।

বাংলাদেশে আটকেপড়া বিহারীদের প্রসঙ্গে রাবেতা মহাসচিব জানান, তাদের ফিরিয়ে নেয়ার পদক্ষেপ চূড়ান্ত হয়েছে।